

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব কার্যনির্বাহী কমিটি ২০১৯ এর  
নির্বাচন সম্পন্ন



১ অক্টোবর, ২০১৯-মঙ্গলবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব কার্যনির্বাহী কমিটি ২০১৯ এর নির্বাচন সম্পন্ন হয়েছে তাদের কার্যালয়ে। নব নির্বাচিত(চতুর্থ) কার্যনির্বাহী কমিটি ২০১৯ এর সরাসরি ভোটকার্য সম্পন্নের পর উপাচার্যের কনফারেন্স রুমে ফলাফল ঘোষণা করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এসময় মাইক্রোবায়োলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া, অধ্যাপক ড. শামীমা বেগম, প্রক্টর ড. মোস্তফা কামাল সহ জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রেসক্লাবের বিদায়ী কমিটির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য নব নির্বাচিত(চতুর্থ) কার্যনির্বাহী কমিটি ২০১৯ এ সভাপতি হিসেবে জনাব জাহিদুল ইসলাম সাদেক এবং সাধারণ সম্পাদক হিসেবে জনাব জোগেশ রায় নির্বাচিত হয়েছেন।